

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামুদ্রিক মৎস্য দপ্তর  
সরকারী কার্যভবন নং-১  
আগ্রাবাদ, চট্টগ্রাম।


পত্র নং- ৩৩.০২.০০০০.২০২.৪৯.০৪১.১৪.১৩৬১/১(২০)

তারিখ : ১১ কার্তিক ১৪২৬  
২৭ অক্টোবর ২০১৯ খ্রি.

অফিস আদেশ

২৫-৩১ অক্টোবর, ২০১৯ খ্রি. সময়ে নৌ-বাণিজ্য দপ্তরের উদ্যোগে পরিচালিত যৌথ ক্যাম্পে বরগুনা জেলার পাথরঘাটা এলাকার উপকূলীয় অঞ্চলে মৎস্য আহরণে নিয়োজিত যান্ত্রিক মৎস্য নৌযানের রেজিস্ট্রেশন ও ফিশিং লাইসেন্স প্রদান/নবায়ন কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে টিম গঠন করা হলো। সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ ১৯৮৩ এর ২য় অংশ (প্রশাসন) ধারা-৬, উপধারা-২ এর ক্ষমতাবলে জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনাকে উক্ত যৌথ ক্যাম্পে যান্ত্রিক মৎস্য নৌযানের ফিশিং লাইসেন্স ইস্যু ও নবায়নের ক্ষমতা প্রদান করা হলো।

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	দপ্তরের নাম	টিমে দায়িত্ব
১	জনাব মোঃ আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা	জেলা মৎস্য দপ্তর, বরগুনা	টিম লিডার
২	জনাব মোঃ মিজানুর রহমান, পরিদর্শক,	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য
৩	জনাব মোঃ আলতাফ হোসেন, পরিদর্শক,	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য
৪	জনাব মোঃ এয়াছিন মজুমদার, পরিদর্শক	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য

  
(ড. মোঃ শরীফ উদ্দিন)

পরিচালক (সামুদ্রিক) (অ. দা.)

সামুদ্রিক মৎস্য দপ্তর

আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন: ০৩১-৭২১৭৩১

Email-directormarine@fisheries.gov.bd

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। জোনাল কমন্ডার, দক্ষিণ জোন, বাংলাদেশ কোস্টগার্ড, ভোলা। যৌথ ক্যাম্প পরিচালনার সময় বাংলাদেশ কোস্টগার্ডের পাথরঘাটা, বরগুনা কন্সিঙ্জেন্ট ইউনিট স্টেশনে কর্মরত প্রতিনিধিবৃন্দকে সহযোগিতা প্রদানে নির্দেশনা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ০২। কমিশানর, কান্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা। উক্ত কার্যক্রমে ভ্যাট আদায়ের লক্ষে আপনার দপ্তরের উপযুক্ত প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের মাধ্যমে যৌথক্যাম্পটি সফল করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য অধিদপ্তর, সরকারী কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম। পত্রটি আপনার দপ্তরের পত্র নং ৪০২.০১০.০১২.০০.০০.০০১.২০১১/৫০২৪(৩) তারিখঃ ২৩/১০/২০১৯ এর সাথে সম্পর্কিত।
- ০৪। বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। জেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, যান্ত্রিক মৎস্য নৌযানের রেজিস্ট্রেশন ও ফিশিং লাইসেন্স ইস্যু কার্যক্রম বাস্তবায়নে গঠিত জেলা কমিটি, বরগুনা। উক্ত কার্যক্রমে টিম লিডারের দায়িত্ব পালন সহ আপনার নিয়ন্ত্রণাধীন সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দকে উপস্থিত থেকে যৌথ ক্যাম্প পরিচালনায় সহায়তা দানে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। মহাপরিচালকের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। সহকারী পরিচালক-১/২, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ০৯। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা। যৌথ ক্যাম্প পরিচালনার টিমকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।
- ১০। ব্যবস্থাপক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, পাথরঘাটা, বরগুনা।
- ১১। জনাব....., পরিদর্শক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১২। সভাপতি/ সাধারণ সম্পাদক, যান্ত্রিক মৎস্য নৌযান মালিক সমিতি, পাথরঘাটা, বরগুনা।
- ১৩। সংশ্লিষ্ট নথি।